গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তর
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dpdt.gov.bd

স্মারক নম্বর- ৩৬.০৮.০০০০.২০০.৯৯.০০১.২২-১৬৯৭ তারিখঃ ২৪/০৮/২০২৩ খ্রি.

অফিস আদেশ

পেটেন্ট, শিল্প-নকশা ও ট্রেডমার্কস অধিদপ্তরের পেটেন্ট ইউনিটের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও জনসাধারণের সেবা প্রাপ্তি সহজীকরণের লক্ষ্যে পেটেন্ট সংক্রান্ত কার্যক্রম নিম্নবর্ণিত পর্যায়ে নিষ্পত্তি হবেঃ

| ক্রমিক নং | নথির ধরণ/ কার্যক্রম | নিষ্পত্তির পর্যায় |
|---|---|---|
| ১। | পেটেন্ট আবেদন প্রকাশনা (১৮ মাস পূর্বে) | মহাপরিচালক |
| ২। | পেটেন্ট আবেদন প্রকাশনা (১৮ মাস পর)/ প্রকাশের পূর্বে প্রত্যাহার | পরিচালক |
| ৩। | অনুসন্ধান প্রতিবেদন/ পরীক্ষা প্রতিবেদন উপস্থাপন/ সার্টিফাইড কপি প্রদান | সহকারী-পরিচালক |
| ৪। | পরীক্ষায় উত্থাপিত আপত্তি বা প্রতিবেদন অনুমোদন/ মূল্যায়ন/ শুনানি গ্রহণ | উপ-পরিচালক |
| ৫। | পেটেন্ট মঞ্জুর/ প্রত্যাখ্যান | মহাপরিচালক |
| ৬। | পেটেন্ট সনদ/ বিরোধিতা | মহাপরিচালক |
| ৭। | পেটেন্ট নবায়ন | উপ-পরিচালক |
| ৮। | তামাদি পেটেন্ট পুনরুদ্ধার | পরিচালক |
| ৯। | মালিকানা পরিবর্তন/ আদালত সংশ্লিষ্ট কার্যক্রম | মহাপরিচালক |

০২। পেটেন্ট নথির সকল পর্যায়ের অনুমোদন কার্যক্রম ডিজিটাল ভার্সনে বা Industrial Property Administration System (IPAS) এর মাধ্যমে সম্পন্ন করা হবে এবং অনুমোদনের সকল তথ্য হার্ড ফাইলে সংরক্ষিত থাকবে। পেটেন্ট সনদ স্বাক্ষর পর্যায়ে হার্ড ফাইলে উপস্থাপন ও অনুমোদন গ্রহণ করতে হবে।

০৩। পেটেন্ট আবেদন সংক্রান্ত সাধারণ চিঠিপত্র গ্রহণের ক্ষেত্রে পরিচালক দায়িত্ব পালন করবেন।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৪/৮/২৩

(খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি)
মহাপরিচালক
ফোনঃ ২২৩৩৮০৬৯৬
*dg@dpdt.gov.bd*

বিতরণঃ
১। পরিচালক (সকল), ডিপিডিটি, ঢাকা
২। সিস্টেম এনালিস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। উপ-পরিচালক (সকল), ডিপিডিটি, ঢাকা
৪। সহকারী পরিচালক (পেটেন্ট), (সকল), ডিপিডিটি ঢাকা